সদস্য (প্রশাসন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২২- ৩০ জুন, ২০২৩

# সূচিপত্র


| | | | |
|---|---|---|---|
| বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র। | | | ৩ |
| প্রস্তাবনা | | | ৪ |
| সেকশন ১: | : | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২: | : | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| সেকশন ৩: | : | কৌশলগত উদ্দেশ্য,অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ | ৭ |
| সংযোজনী ১ | : | শব্দসংক্ষেপ (Acronyms) | ১০ |
| সংযোজনী ২ | : | কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১১ |
| সংযোজনী ৩ | : | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা | ১৩ |

# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of Bangladesh Power Development Board)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জন সমূহ :

২০০৯ সালের শুরুতেই বিদ্যুতের স্থাপিত ক্ষমতা ছিল ৪,৯৪২ মেগাওয়াট যা বর্তমানে বৃদ্ধি পেয়ে ২২,৩৪৮ মেগাওয়াট (ক্যাপটিভ ও অফ-গ্রিড নবায়নযোগ্য জ্বালানিসহ মোট ২৫,৫৬৬ মেগাওয়াট)। এ সময়ে মোট জনসংখ্যার ৪৭ শতাংশ থেকে শতভাগ বিদ্যুৎ সুবিধার আওতায় এসেছে। বর্তমানে সরকারি খাতে বিদ্যুতের স্থাপিত ক্ষমতা ৪৫%, বেসরকারি খাতে ৪৪%, জয়েন্ট ভেঞ্চার ৬% এবং বিদ্যুৎ আমদানীর পরিমান ৫%। তাছাড়া বিউবো'র বিতরণ সিস্টেম লস একটি গ্রহণযোগ্য পর্যায়ে নামিয়ে আনার জন্য বিউবো প্রতিশ্রুতিবদ্ধ। বিউবো'র বিতরণ লস ২০১৩-১৪ অর্থবছরে ছিল ১১.৮৯%, ২০১৪-১৫ অর্থবছরে ১১.১৭%, ২০১৫-২০১৬ অর্থবছরে ১১.০১%, ২০১৬-১৭ অর্থবছরে ৯.২৭%, ২০১৭-১৮ অর্থবছরে ৯.৮৮%, ২০১৮-১৯ অর্থবছরে ৯.১৩%, ২০১৯-২০ অর্থবছরে ৯.০১% এবং ২০২০-২১ অর্থবছরে ৮.৫০%। বিউবো'র সিস্টেম লস সিঙ্গেল ডিজিটে ধরে রাখার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বর্তমানে বিভিন্ন প্রকল্পের অধীনে এবং রাজস্ব খাতের মাধ্যমে বিউবো কর্তৃক এ যাবৎ সর্বমোট প্রি-পেমেন্ট মিটার স্থাপনের সংখ্যা ১৪,৩৫,০০০ টি। ২০২২-২৩ অর্থবছরে ১০০,০০০ টি প্রি-পেমেন্ট মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ:

মধ্যম আয়ের দেশ হিসাবে উন্নীত করণে বিদ্যুতের চাহিদা ক্রমান্বয়ে বেড়েই চলেছে। এ চাহিদা মোকাবেলার জন্য প্রতি বছর বিভিন্ন জ্বালানি ভিত্তিক নতুন নতুন বিদ্যুৎ কেন্দ্র বাস্তবায়নে পরিকল্পনা করা হয়েছে। পরিকল্পনা মোতাবেক বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা আগামী ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেঃওঃ এবং ২০৪১ সালে মধ্যে ৬০,০০০ মেঃওঃ করার লক্ষ্যে বিউবো পরিকল্পনা অনুযায়ী কাজ করে যাচ্ছে। এ পরিকল্পনাসমূহ বিউবোসহ সরকারি ও বেসরকারি খাতে বাস্তবায়িত হবে। ঘরে ঘরে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে বিউবো'র বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প চট্টগ্রাম/ ময়মনসিংহ/ কুমিল্লা/ সিলেট এর কার্যক্রম জোরালো ভাবে বাস্তবায়ন চলছে। বিতরণ খাতে সিস্টেম লস হ্রাস ও রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে শতভাগ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

### ভবিষ্যৎ পরিকল্পনাঃ

মধ্যম আয়ের দেশ হিসাবে উন্নীত করণে বিদ্যুতের চাহিদা ক্রমান্বয়ে বেড়েই চলেছে। এ চাহিদা মোকাবেলার জন্য প্রতি বছর বিভিন্ন জ্বালানি ভিত্তিক নতুন নতুন বিদ্যুৎ কেন্দ্র বাস্তবায়নে পরিকল্পনা করা হয়েছে। পরিকল্পনা মোতাবেক বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা আগামী ২০২১ সালের মধ্যে ২৪,০০০ মেঃওঃ এবং ২০৩০ সালে মধ্যে ৪০,০০০ মেঃওঃ করার লক্ষ্যে বিউবো পরিকল্পনা অনুযায়ী কাজ করে যাচ্ছে। এ পরিকল্পনাসমূহ বিউবো সহ সরকারি ও বেসরকারি খাতে বাস্তবায়তি হবে। সকল নাগরিকের জন্য ঘরে ঘরে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে বিউবো'র বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প চট্টগ্রাম/ময়মনসিংহ/কুমিল্লা/সিলেট এর কার্যক্রম জোরালো ভাবে বাস্তবায়ন চলছে। বিতরণ খাতে সিস্টেম লস হ্রাস ও রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে শতভাগ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

### ২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান লক্ষ্যমাত্রা সমূহ:

- ১৪০০ কিলোমিটার নতুন বিতরণ লাইন নির্মাণ;
- বিতরণ সিস্টেম লস সিঙ্গেল ডিজিটে অব্যাহত রাখা ;
- ১০০,০০০ টি প্রি-পেমেন্ট মিটার স্থাপন;
- দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান এবং
- বিউবো বিদ্যুৎ খাতে প্রধান সমন্বয়কের ভূমিকা পালনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়ন কর্মকান্ডে অব্যাহত ভূমিকা রাখা।

## প্রস্তাবনা (Preamble)

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সদস্য (প্রশাসন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর মধ্যে ২০২২ সালের ......... মাসের ....... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন-১

# বিউবো'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ ভিশন:**

দেশের সকল নাগরিকের জন্য নিরবচ্ছিন্ন, গুণগত ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করা।

**১.২ মিশন:**

টেকসই উন্নয়নের জন্য বিদ্যুতের প্রবৃদ্ধি অব্যাহত ও গ্রাহক সন্তুষ্টি নিশ্চিত করা।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১) বিদ্যুৎ উৎপাদন খাতের উন্নয়ন;

২) বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন;

৩) জনগনের আর্থ -সামাজিক উন্নয়নের লক্ষ্যে নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা;

৪) নতুন বিদ্যুৎ সংযোগ ও গ্রাহকসেবা নিশ্চিতকরণ ও

৫) প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি।

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১) বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি;

২) বিদ্যুৎ কেন্দ্রসমূহরে দক্ষতা (Efficiency) বৃদ্ধি;

৩) বিতরণ লাইন নির্মাণ;

৪) উপকেন্দ্রের উন্নয়ন;

৫) সিষ্টেম লস হ্রাসকরণ;

৬) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিতকরণ;

৭) মানসম্মত বিদ্যুৎ ব্যবহার নিশ্চিতকরণ;

৮) নতুন বিদ্যুৎ সংযোগ;

৯) স্মার্ট প্রি-পেইড মিটার স্থাপন;

১০) ওভারলোডেড ট্রান্সফরমার এর পরিমাণ কমানো;

১১) গ্রাহকসেবা নিশ্চিতকরণ;

১২) রুফটপ সোলার স্থাপন;

১৩) প্রাতিষ্ঠানিক দক্ষতার উন্নয়ন ও

১৪) প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি

সেকশন-২

**বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)**

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদনের সূচকসমূহ | একক | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্ব প্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহের নাম | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২০-২১ | ২০২১-২২* | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | | |
| নতুন ক্ষমতা সংযোজন | সরকারি ও বেসরকারি খাত | মেঃ ওঃ | ১৫১৯ | ৩৮৫ | ৩০০ | ৩২০ | ৩৩০ | বিউবো | Power System Master Plan (PSMP)-2016 |
| নতুন গ্রাহক সংযোগ প্রদানের মাধ্যমে বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠির আওতা সম্প্রসারণ | নতুন আবাসিক সংযোগ | সংখ্যা | ১,৮৬,৩৩৩ | ১,১৭,৬৪৩ | ১০০,০০০ | ১১০,০০০ | ১২০,০০০ | বিউবো | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা |
| লাইন নির্মাণ করার মাধ্যমে বিদ্যুৎ বিতরণ সম্প্রসারণ | বিতরণ লাইন নির্মাণ | কিঃমিঃ | ১৯২৪.৭১ | ২২৫৮.০৪ | ১৪০০ | ১৫০০ | ১৫০০ | বিউবো | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা |
| উপকেন্দ্র নির্মাণ ও ক্ষমতা বর্ধণের মাধ্যমে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ | উপকেন্দ্রের ক্ষমতা বর্ধিতকরণ | সংখ্যা | | ২০ | ৮ | ৯ | ১০ | বিউবো | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা |
| বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়নে আগামী ২০২৭ সালের মধ্যে সিস্টেম লস ৮.০০% এ নামিয়ে আনা | বিতরণ সিস্টেম লস | % | ৮.৫০ | ৭.৪৪ | ৮.৪৫ | ৮.৪৩ | ৮.৪০ | বিউবো | Power System Master Plan (PSMP)-2016, SDG |
| নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণে আগামী ২০৩০ সালের মধ্যে SAIDI ৫০০ মিনিটে নামিয়ে আনা | সিস্টেম অ্যাভারেজ ইন্টারেপশন ডিউরেশন ইনডেক্স (SAIDI) | মিনিট | ৭৪৭ | ৫৭০ | ৭৪৫ | ৬৫০ | ৫০০ | বিউবো | Power System Master Plan (PSMP)-2016, SDG |

*সাময়িক (Provisional) তথ্য

সেকশন ৩

# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদন ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [১] প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সমকক্ষতা বৃদ্ধি | ৮ | [১.২] কারিগরি সক্ষমতার উন্নয়ন | [১.২.১] ই জিপি টেন্ডারিং (১০০ কোটির নিচে) যা প্রযোজ্য | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | | | | ১০০ | ১০০ |
| | | | [১.২.২] প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | সমষ্টি | ঘন্টা | ২ | | ৬৮.০১ | ৬০ | ৫৪ | ৫৫ | | | ৬০ | ৬৫ |
| | | | [১.২.৩] এপিএ বিষয়ে প্রশিক্ষণ প্রদান | সমষ্টি | ঘন্টা | ২ | | | ৫ | ৪ | ৩ | | | ৫ | ৫ |
| | | | [১.২.৪] ইআরপি হালনাগাদকরন | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |

*সাময়িক (Provisional) তথ্য

আমি, সদস্য (প্রশাসন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সদস্য (প্রশাসন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................ | 26.06.2022<br>.................................... |
| সদস্য (প্রশাসন)<br>বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | তারিখ |
| ............................................ | 26.06.2022<br>.................................... |
| চেয়ারম্যান<br>বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | তারিখ |